



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
বাস্তবায়ন শাখা
বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bfadc.gov.bd

রাবার কাঠ শক্ত, টেকসই ও
উন্নতমানের। আপনিও রাবার কাঠের
আসবাবপত্র ব্যবহার করুন।

নম্বর: ২২.০৩.০০০০.১১২.৯৯.০০১.২৪.১১

২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের প্রদেয় ভবিষ্য তহবিল (Contributory Provident Fund, CPF) এর চূড়ান্ত উত্তোলনের সেবা সহজীকরণ।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের Service Process Simplification টিম কর্তৃক প্রদেয় ভবিষ্য তহবিলের (Contributory Provident Fund, CPF) চূড়ান্ত উত্তোলন সেবা সহজীকরণের সুপারিশ, ২৮/০২/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ভেলিডেশন ওয়ার্কসপের ঐকমত্য এবং ০৭/০৩/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিএফআইডিসির ৬৮৯ তম পর্বদ সভার অনুমোদনের পরিপ্রেক্ষিতে নির্ধারিত নিম্নবর্ণিত ধাপ অনুযায়ী সিপিএফের চূড়ান্ত উত্তোলনের আবেদন নিষ্পত্তি করতে হবে:

সেবার ধাপ	বর্ণনা	কর্মদিবস
01	বিএফআইডিসির কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে কর্মচারীর জমাকৃত অর্থের অনুকূলে নির্ধারিত ফরমে (বিএফআইডিসির ফরম নম্বর ২) সদর দপ্তরের হিসাব শাখা কর্তৃক অ্যাকাউন্টস স্লিপ ইস্যু	১
02	কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডের অ্যাকাউন্টস স্লিপসহ জমাকৃত অর্থ উত্তোলনের জন্য আবেদনকারী কর্মচারী কর্তৃক বিএফআইডিসির চেয়ারম্যান বরাবর নির্ধারিত ফরমে (বিএফআইডিসির ফরম নম্বর ৩) আবেদন দাখিল	১
০৩	সংস্থাপন শাখা কর্তৃক আবেদনটি ডি-নথির মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন	২
০৪	সচিব কর্তৃক অফিস আদেশ জারি	১
০৫	জারিকৃত আদেশ অনুযায়ী বিএফআইডিসির হিসাব শাখা কর্তৃক পরবর্তী যাবতীয় কার্যক্রম নিষ্পত্তি	২
০৬	আবেদনকারীর ব্যাংক অ্যাকাউন্টে অনলাইন ব্যাংকিং/ইএফটি-এর মাধ্যমে সিপিএফ-এর অর্থ প্রেরণ	১

২। বিএফআইডিসির প্রত্যেক কর্মচারীর সিপিএফ-এর অনুকূলে একটি নম্বর প্রদান করতে হবে;

৩। সিপিএফ-এর চূড়ান্ত উত্তোলনের জন্য অ্যাকাউন্টস স্লিপ (বিএফআইডিসির ফরম নম্বর ২) এবং আবেদন ফরম (বিএফআইডিসির ফরম নম্বর ৩) বিএফআইডিসির ওয়েবসাইটে আপলোড করতে হবে; এবং

৪। বিএফআইডিসির সদর দপ্তরের সেবা সহজীকরণের পদ্ধতি অনুসরণপূর্বক মাঠ পর্যায়ের দপ্তরসমূহ সিপিএফ-এর চূড়ান্ত উত্তোলন সেবা সহজীকরণ করবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।



১২-০৩-২০২৪


মোঃ নাসির উদ্দিন আহমেদ
চেয়ারম্যান

০২২২৩৩৮১০৬

chairman@bfdc.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
- ২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/(অর্থ)/(উৎপাদন ও বাণিজ্য), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা;
- ৩। মহাব্যবস্থাপক (সকল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা;
- ৪। মহাব্যবস্থাপক, বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম/সিলেট/টাঙ্গাইল-শেরপুর জোন, চট্টগ্রাম/শ্রীমঙ্গল, মৌলভীবাজার/মধুপুর, টাঙ্গাইল;
- ৫। ব্যবস্থাপক (সকল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা;
- ৬। সকল বাগান/ইউনিট প্রধান;
- ৭। বিটিসি, হেঁয়াকোস ভুঁজপুর, চট্টগ্রাম;
- ৮। উপব্যবস্থাপক, শোরুম, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা-১০০০ এবং
- ৯। জনাব/বেগম.....।



১৩-০৩-২০২৪

এস. এম. মঈন উদ্দীন আহমেদ
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)